

প্রেস রিলিজ  
২৮ জানুয়ারি ২০২৬

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুলে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলামের প্রত্যক্ষ নির্দেশনায় উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুলটি যথাযথভাবে পরিচালিত হয়ে আসছে। শিক্ষার্থীদের পড়ালেখার পাশাপাশি শারীরিক ও মানসিক বিকাশে স্কুলে নিয়মিত ক্রীড়া প্রতিযোগিতা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এরই ধারাবাহিকতায় আজ বুধবার, ২৮ জানুয়ারি ২০২৬ তারিখে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুলে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। বাউবির গাজীপুর ক্যাম্পাসের খেলার মাঠে আয়োজিত এ অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন এবং প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুল পরিচালনা পর্ষদের সভাপতি বাউবির কৃষি ও পল্লী উন্নয়ন স্কুলের ডিন অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম। অনুষ্ঠানে স্কুল পরিচালনা পর্ষদের অন্যান্য সদস্য, প্রধান শিক্ষক মোঃ শামছুল হক খান, বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী এবং অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।

মো: খালেকুজ্জামান খান  
পরিচালক (ভারপ্রাপ্ত)